

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, নেত্রকোণা।

বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিলে উল্লিখিত আসামীদ্বয়ের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং যেহেতু ফৌঃ কাঃ বিধির ৮৭ ও ৮৮ ধারার বিধানমতে উক্ত আসামীদ্বয়ের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র আদালতে বিচারার্থে উক্ত আসামীদ্বয় গ্রেফতার/সোপর্দ এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে।

এবং যেহেতু উক্ত আসামীদ্বয় শীঘ্রই গ্রেফতার হইবার সম্ভাবনা নাই, এক্ষণে সেহেতু ১৯৫৮ সনের ফৌজদারী আইন সংশোধনী আইনের ৬(১ক) ধারার প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আসামীদ্বয়কে নিম্নের তফসিলে বর্ণিত মামলার বিচারের জন্য অত্র আদেশ জারি হইবার ১০ (দশ) দিনের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতেই এই মামলার বিচার নিষ্পত্তি করা হইবে।

তফসিল

আসামীদের নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১। অমল চন্দ্র মালাকার, পিতা-মঙ্গল চন্দ্র মালাকার, সাং-নোওয়ানগর (সতরশ্রী) ঠাকুরাকোনা, থানা ও জেলা-নেত্রকোণা।	স্পেশাল মোকদ্দমা নং ১৮/২০১৩। নেত্রকোণা থানার মামলা নং ২০(১২)২০০২ জি, আর, নং ৫৪৭(২)২০০২।
২। তপন চন্দ্র দাস, পিতা-শম্ভু চন্দ্র দাস, সাং-নোওয়ানগর (সতরশ্রী) ঠাকুরাকোনা, থানা ও জেলা-নেত্রকোণা।	ধারা-৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ দঃ বিঃ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ ২নং আইনের ৫(২) ধারা।

কে. এম. রাশেদুজ্জামান রাজা

সিনিয়র স্পেশাল জজ, নেত্রকোণা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৩৫৭৩)

মূল্য : টাকা ৪.০০